

তারিখ... 12 0 MAY 1905
পৃষ্ঠা - (৩) -

দৈনিক ইত্তেফাক

৭৭

**রাজশাহী শিক্ষা বোর্ডের
চেয়ারম্যানের পদ শূন্য**

রাজশাহী অফিসে ৥ রাজশাহী
শিক্ষা বোর্ডে বর্তমানে স্থায়ী চেয়ার-
ম্যান নাই। ফলে পরীক্ষা নিয়ন্ত্রক
চেয়ারম্যানের দায়িত্ব পালন করিতে
পূর্বতন চেয়ারম্যান সিরাজুল
(৯ম পৃঃ স্রঃ)

**রাজশাহী শিক্ষা বোর্ডের
(৩য় পৃঃ পর)**

ইসলাম অন্যত্র বদলী হইয়া গেলে
১৯৯৫ সালের ১লা আগষ্ট হইতে
পদটি শূন্য রাখিয়াছে। উক্ত তারিখ
হইতে সচিব অতিরিক্ত দায়িত্বে চেয়ার
ম্যানের পদে নিযুক্ত হন। ২৯।১২।৯৫
তারিখে সচিব অবসর গ্রহণ
করিলে ভারপ্রাপ্ত চেয়ারম্যান হন
বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক। তিনি
অদ্যাবধি দুই পদের দায়িত্ব পালন
করিতেছেন।। কিন্তু তাহার অসুবিধা
হইতেছে। শিক্ষা বোর্ডে একটির পর
আরেকটি পরীক্ষা লাগিয়াই আছে।
এইসব পরীক্ষায় পরীক্ষা নিয়ন্ত্রকের
গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করিতে হয়।
এই কারণে তাহার পক্ষে যেমন হয়
না পরীক্ষা নিয়ন্ত্রকের কাজ তেমন
হয় না চেয়ারম্যানের দায়িত্ব পালন।